আনন্দময়ীর আগমনে

## শিবদুর্গা বস্ত্রালয়

**রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা**

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই কার্ত্তিক বুধবার ১৩৬৮ ইংরাজী 25th Oct. 1961 | ২৪শ সংখ্যা





'সকল ঘরের তরে...

## দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seevr 7

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62154/OF/57

## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারকঃ

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA G. PUBS



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই কার্ত্তিক বুধবার সন ১৩৬৮ সাল।

### বিজয়ার সম্ভাষণ ও আলিঙ্গন

আমরা চিরাচরিত প্রথানুসারে আমাদের গুরুজনকে প্রণাম, সমবয়স্কগণকে নমস্কার ও বয়ঃকনিষ্ঠগণকে শুভেচ্ছাসহ স্নেহাশীর্ব্বাদ জ্ঞাপন করিতেছি।

আমরা সুদীর্ঘ আটচল্লিশ বৎসর কাল জঙ্গিপুর মহকুমাবাসীর সহানুভূতি ও সহযোগিতা লাভ করিয়া এই ক্ষুদ্র সাপ্তাহিক সংবাদপত্র পরিচালনা করিতেছি। জনগণের ঐকান্তিক সহযোগিতাই আমাদের মূলধন।

আমাদের এমন পাঠক পাঠিকা, গ্রাহক গ্রাহিকা, হিতাকাঙ্ক্ষী ও বিজ্ঞাপনদাতা আছেন যাঁহারা **জঙ্গিপুর সংবাদের** জন্মাবধি সম্পর্ক রাখিয়া স্বজন বা আত্মীয়ের মত হিতাকাঙ্ক্ষী। আমরা তাঁহাদের মর্য্যাদানুসারে অভিবাদন জানাইতেছি।

## মা এসেছিলেন মা স্বস্থানে গেলেন

আমরা আনন্দময়ীকে যার যেমন দশা তেমনি-ভাবে দর্শন ও সভক্তি প্রণাম করিলাম। আমাদের প্রাপ্য যে কি তাহার পরিমাণ আমরা জানিনা যে, দাবি করবো "মা চলে গেলি কই আমাদের পাওনা দিয়ে গেলি না?"

প্রত্যেক বৎসরই সামান্য আয়োজন করিয়া চণ্ডীমণ্ডপে যাঁহারা মায়ের প্রতিমা পূজা করেন তাঁহারা কত রকমারী দ্রব্য পাইবার জন্য "দেহি দেহি" করেন, কিন্তু কই কত ভক্তের সাতপুরুষের চণ্ডীমণ্ডপে ফাট ধরিয়াছে, তাহাতে অশ্বত্থ বট প্রভৃতি বৃক্ষ জন্মিয়া সর্পাদির বাসস্থান হইয়াছে তাহা লক্ষ্য করিলে মনে হয় মা "দেহি দেহি" শব্দে কর্ণপাতও করেন না। করিবেনই বা কেন? মায়ের আদর্শে যদি আমরা দিনপাত করিতে পারি তবে আমরা তাঁহার গৃহবর্ত্তা সদানন্দের মত সদানন্দে দিন যাপন করিতে পারি। সকল দেবতাই 'দেব' নামে খ্যাত আর শ্মশানবাসী ভিক্ষাজীবী শিব—মহাদেব। মা তোমার শিবকে বলে যদি তাঁর গাঁজা ভাঙ ইত্যাদি বাদ দিয়ে দারিদ্র্যের মধুরত্ব আমাদের দান করেন তবে আমরা কৃতার্থ হই মা। তাঁর মত আশুতোষ হওয়া কিন্তু খুব কঠিন।

## ভিখারীর বিজয়ার গান

মা জগদম্বা তাঁহার পিত্রালয় গিরিরাজ হিমালয় ভবনে মাত্র তিনদিন থাকিয়া শিবের সহিত কৈলাসে গমন করিলে জননী মেনকা তিন দিনকে স্বপ্ন বলিয়া স্বামীর নিকট বিলাপ করিতেছেন। পূর্ব্বে ভিক্ষুক এক মুষ্টি তণ্ডুল বা একটি পয়সার বিনিময়ে রাণীর খেদ বেহালা বাজাইয়া গান করিত।



**গান**

গিরি! গৌরী আমার এসেছিল।
যেন স্বপ্নে দেখা দিয়ে
চৈতন্য করিয়ে চৈতন্যরূপিণী
কোথা লুকাইল।
কহিছে শিখরী কি করি অচল,
নাহি চলাচল, হলাম হে অচল,
চঞ্চলার মত জীবন চঞ্চল
অঞ্চলের নিধি পেয়ে হারাইল।

দেখা দিয়ে কেন এত মায়া তার,
মায়ের প্রতি মায়া হলো না মহামায়ার
দেখ দেখি গিরি, কি দোষ আমার
পিতৃ দোষে মা মোর, পাষাণী হ'ল।

## বিজয়ার কোলাকুলি

এসো, গুরুজন আছ যত,
হই সবাকার পদে নত,
লই শিরে তুলি পদধুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো, সমসাময়িক যারা,
এ যে বাঙলার চিরধারা,
এসো, মতভেদাভেদ ভুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো, স্নেহের পাত্র যত,
ছুটে কাছে এসো অবিরত,
স্নেহে বুকে লই সবে তুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো লাট, এসো মন্ত্রী,
যত শাসন-যন্ত্রে যন্ত্রী,
এসো কেরাণী, ঝাঁকা-কুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো সৌখীন, এসো শিকারী,
এসো ধনবান, এসো ভিকারী
কাঁধে লইয়া ভিক্ষা ঝুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো বিচারক, এসো শাসক
এসো কোতোয়াল, মহাত্রাসক,
এসো ফাঁসিয়ারা, এসো শূলী!
করি বিজয়ার কোলাকুলি।

এসো ডাকাইত, এসো তস্কর,
এসো জাহাজ-খালাসী নস্কর।
আজ ছোট বড় ভেদ ভুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো কয়েদী, এসো পাহারা,
এসো যেখানে রয়েছ যাহারা
রয়েছি দু'হাত তুলি,
করি বিজয়ার কোলাকুলি।

## দুর্গামূর্ত্তি ক্ষণে ক্ষণে শিবমূর্ত্তিতে রূপান্তরিত

শ্রীরামপুরে রেললাইনের পাশে জি টি রোডের উপর একটি পূজামণ্ডপে দুর্গামূর্ত্তি ক্ষণে ক্ষণে শিব-মূর্ত্তিতে পরিবর্ত্তিত হওয়ায় এবৎসরে পূজামণ্ডপটি বিশেষ আকর্ষণীয় হইয়া দাঁড়ায়। হুগলী জেলার বিভিন্ন স্থান হইতে বহু নরনারী এই প্রতিমা দর্শনের জন্য পূজামণ্ডপে আসেন। ফলে নবমীর দিন কয়েক ঘণ্টার জন্য জি টি রোডে যানবাহন বন্ধ হইয়া যায়। পূজামণ্ডপে দুর্গামূর্ত্তিটিকে পৃথকভাবে স্থাপন করা হয়। কিছু সময়ের ব্যবধানে দেখা যায় দুর্গামূর্ত্তির উপর শিবমূর্ত্তির ছায়া আসিয়া পড়িয়াছে এবং ক্রমে দুর্গামূর্ত্তি অন্তর্হিত হইয়া উজ্জ্বল শিবমূর্ত্তি প্রকাশ পাইয়াছে। এই কলাকৌশল সকলের বিস্ময়ের সৃষ্টি করে।

---

### দেবীর দোলায় গমন
### ফল—দোলায়াং মরকং ভবেৎ

## ভয়াবহ ট্রেণ দুর্ঘটনায় বহু মহাপ্রাণী হতাহত

গত ১৯শে অক্টোবর বৃহস্পতিবার বিজয়া দশমীর শেষ রাত্রে ধলভূমগড় ও ঘাটশীলা ষ্টেশনের মধ্যে আপ হাওড়া-রাঁচী এক্সপ্রেস লাইন চ্যুত হওয়ায় বহু মহাপ্রাণী হতাহত হইয়াছেন। সাতখানি বগী চূর্ণ-বিচূর্ণ হইয়াছে। দুর্ঘটনার কারণ সম্বন্ধে তদন্ত হইতেছে।

---

## জঙ্গিপুর সাহেববাজারে বেআইনী মদ ধৃত

গত ১৮ই অক্টোবর বুধবার বেলা ১১ ঘটিকার সময় জঙ্গিপুরের আবগারী সবইন্সপেক্টর মহাশয় তাঁহার বিভাগীয় কনষ্টেবল শ্রীধনঞ্জয় দাস, শ্রীনবকুমার ঘোষ ও জঙ্গিপুর ফাঁড়ির কয়েকজন কনষ্টেবল সহ জঙ্গিপুর সাহেববাজারের কয়েকটী বাড়ীতে খানা-তল্লাস করিয়া ২৩ বোতল চোলাই মদ ও কয়েকটী মদ তৈরীর সরঞ্জাম ধরিয়াছেন। শ্রীরতন দাস, শ্রীরঞ্জিত দাস, শ্রীমুক্তিপদ উপাধ্যায় ও শ্রীকার্ত্তিকচন্দ্র রায়কে গ্রেপ্তার করিয়া পরে জামিন দেওয়া হইয়াছে।

## কেরাণী বিদায়

—•—

পূজোর ছুটি ফুরিয়ে গেলো
খুলবে অফিস দু'দিন বাদে,
জন্মভূমির মায়া ছেড়ে
বিদেশ যেতে পরাণ কাঁদে।

নাই কোন হাত, যেতেই হবে
নিয়ম কানুন বিষম কড়া,
মরি বাঁচি "কম্পাল্‌সারী"
"ওপনিংডে" তে জইন করা।

তাড়াতাড়ি বাড়ী এলাম,
হবা মাত্র পূজোর ছুটি—
বকেয়া কাজ বহুৎ আছে,
ভাবতে ঝরে নয়ন দুটি!

সে সব গুলো সারতে হবে,
"ইন্‌স্পেকসন্" হবার আগে,
সামান্য ভুল পড়লে চোখে
হুজুর মোদের বেজায় রাগে।

"শ্লিপ্ অফ্ দি পেন," এক্সকিউজ মি,
শুন্‌বে না সে কোনো মতে;
এবার দফা করবে রফা
কৈফিয়তে কৈফিয়তে।

দুধওয়ালী, নাপিত, ধোপায়,
দিয়ে এসেছিলাম ফাঁকি,
হোটেলয়ালা ভাত দিবে না,
বাড়ি ভাড়াও দু'মাস বাকি।

কর্ম্মস্থানে যেমন যাব—
ধরবে যত পাওনাদারে,
এবার তারা মানবে না আর
দিব বল্‌লে মাসকাবারে।

যে কয় টাকা এনেছিলাম
পূজোর খরচ চল্‌লো তাতে;
কি নিয়ে আজ বিদেশ যাব
রাস্তা খরচ নাইকো হাতে!

শূন্য হাতে বিদেশ গিয়ে
খাবই বা কি থাকবো কোথা!
ক্ষুণ্ণ মনে ঘরের কোণে
ভাবছি এ সব দুঃখের কথা।

এমন সময় প্রিয়তমা
কইল কথা মধুর ভাষে
শুন্‌ছো—আমার মাথাটি খাও
এসো যেন খ্রীষ্ট মাসে।

দু' বছরের খোকা আমার
গলা ধ'রে বসলো কোলে
"দাৎনে বাবা বালিতে থাক"
বল্‌লো আধ আধ বোলে।

শিশুর আধো করুণ বাণী
অবলার এই ব্যাকুলতা,
আমার মত পরাধীন বই
সইতো কি এই দারুণ ব্যথা!

দুখের উপর বিষম দুখ এক
জন্মে তা' যাব না ভু'লে—
রাস্তা খরচ করতে প্রিয়া
খোকার পদক দিলেন খুলে।

কঠিন প্রাণে পাষাণ বেঁধে
শক্ত ক'রে নিদয় হিয়ে,
"প্যাসেজ্ মনি" যোগাড় হলো—
খোকার পদক বাঁধা দিয়ে।

'আসি' বলে বিদায় হলাম
প্রিয়তমার নিকট হ'তে,
(এখন) মনের কথা আদান প্রদান
পোষ্টম্যানের গুজারতে।

যদি বল তবে কেন
এত দুখের চাকরী কর;
এমন সাধের "পার্ম্মানেন্ট পোষ্ট"
সহজে কি মিলে বড়!

গোলামগিরি মোলাম কেবল
পেন্‌সন্ পেয়ে বুড়ো হ'লে,
সবার ভাগ্যে মিলে কি তা
অধিকাংশই পটোল তোলে!

---

## চিকিৎসা সঙ্কট



মেডিসিন স্পিউরিয়াস্—( ঔষধ ভেজাল )
পেসেণ্ট ফিউরিয়াস্—( রোগী প্রচণ্ড )
ডক্টর কিউরিয়াস্—( ডাক্তার অনুসন্ধিৎসু )

## কর্ত্তব্যরত পুলিশ



কাকো সমোঝাও জগ ভৈ অন্ধা।
ধরম করম নেহি থালি পেটোয়াকী ধান্ধা।
কাকো সমোঝাও…………

## দিন ভিক্ষা তনু রক্ষা



১মা মহিলা—দিদি, বাড়ী হ'তেই ভাবছিলাম, এতো বেলায় ঘাটে আর কেউ নাই। তবে টুকুর মা দিদি যদি থাকে।

২য়া—তোমার বরাত, আর আমার বরাত অনেকটা এক রকম। এবার তো উনি কোথাও পূজায় ব্রতী হন নি। মা জগদম্বা শেষকালে অকুলে কুল দিলেন। প্রতিপদাদি কল্পের দিন কাদের তন্ত্রধারক অসুখে পড়েছেন, তাই তারা ডেকে নিয়ে গেল।

১মা—মা সর্ব্বমঙ্গলা এক কাঙালের ভাত মেরে আর একজনকে দিলেন। তা ছাড়া তাঁরই বা সাধ্য কি! উনিও তো আমাদেরই মত "জটাজুট-সমাযুক্তা"। ভিক্ষার উপর সংসার চলে। ওঁরও ঘরে আমাদেরই মত চাল বাড়ন্ত। তবুও মা আনন্দময়ী।

২য়া—সকলের পূজোর সময় উৎসব, আর আমাদের পূজোর পর বিজয়ার বিসর্জ্জনের পর লাল পাড় লাল পাড় কাপড়, গামছা, কত জিনিস, নৈবেদ্যের ভিজে চাল শুকোবো আর হাঁড়িতে তুলবো। এই আশাতেই বেঁচে আছি।

১মা—যতদিন হিন্দু আচার বাহাল থাকবে ততদিন আমাদের অন্ন মারে কে? হলেও কড়ি, মলেও কড়ি!

# হস্তচালিত তাঁতশিল্প প্রতিযোগিতা

## পুরস্কার বিতরণের বিস্তৃত বিবরণ ১৯৬১—৬২

পশ্চিমবঙ্গে হস্তচালিত তাঁতশিল্পের সর্ব্বাঙ্গীণ উন্নতির জন্য এই শিল্পে নিযুক্ত বিভিন্ন বিভাগের শিল্পীদিগকে গত বৎসরের ন্যায় এ বৎসরও একটি প্রতিযোগিতায় আহ্বান করা যাইতেছে। পশ্চিমবঙ্গ-সরকারের শিল্প-অধিকার ( ডাইরেক্টরেট অব ইণ্ডাষ্ট্রীজ ) উক্ত প্রতিযোগিতায় নিম্নোক্ত বিভিন্ন বিভাগে যাঁহারা উপযুক্ত বিবেচিত হইবেন, তাঁহাদিগকে নগদ টাকা পুরস্কার দিবেন। এই প্রতিযোগিতাটিকে পূর্ণ প্রতিনিধিত্বমূলক ও সাফল্যমণ্ডিত করিয়া তুলিবার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলের সর্ব্বপ্রকার সহযোগিতা আবশ্যক। ক। হস্তচালিত তাঁতের উৎকর্ষসাধনের উদ্দেশ্যে নূতন ও উন্নত ধরনের যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম উদ্ভাবনের জন্য সমগ্র পশ্চিমবঙ্গে একটি মাত্র পুরস্কার ৫০০ টাকা; খ। তাঁতে বোনা সর্ব্বোৎকৃষ্ট শাড়ি কাপড়ের জন্য বিভিন্ন জেলায় মোট পুরস্কার—৩,৩৫০ টাকা; সমগ্র পশ্চিমবঙ্গের শিল্পীদের মধ্যে শীর্ষস্থানীয় চারিজনের জন্য অতিরিক্ত পুরস্কার মোট ৬৫০ টাকা; গ। তাঁতে-বোনা সর্ব্বোৎকৃষ্ট ধুতি কাপড়ের জন্য বিভিন্ন জেলায় মোট পুরস্কার ৪০০ টাকা; সমগ্র পশ্চিমবঙ্গের শিল্পীদের মধ্যে শীর্ষস্থানীয় একজনের জন্য অতিরিক্ত পুরস্কার ১০০ টাকা; ঘ। তাঁতে-বোনা রেশম কাপড়ে সর্ব্বোৎকৃষ্ট ছাপানোর জন্য বিভিন্ন জেলায় মোট পুরস্কার ৭৫০ টাকা; সমগ্র পশ্চিমবঙ্গের শিল্পীদের মধ্যে শীর্ষস্থানীয় চারিজনের জন্য অতিরিক্ত পুরস্কার মোট ২৫০ টাকা; ঙ। তাঁতে-বোনা সূতী কাপড়ে সর্ব্বোৎকৃষ্ট ছাপানোর জন্য বিভিন্ন জেলায় মোট পুরস্কার ৩৭০ টাকা; সমগ্র পশ্চিমবঙ্গের শিল্পীদের মধ্যে শীর্ষস্থানীয় দুইজনের জন্য অতিরিক্ত পুরস্কার মোট ১৩০ টাকা; চ। তাঁতে-বোনা কাপড়ে ব্যবহারার্থ গ্রাফ কাগজে আঁকা বুনিবার উপযোগী (Pointpaper) নক্সার জন্য সমগ্র পশ্চিমবঙ্গের মধ্যে শীর্ষস্থানীয় পাঁচটি পুরস্কার মোট ১,০০০ টাকা; ছ। কাপড়ে ছাপানোর উপযোগী কাগজে আঁকা নক্সার জন্য সমগ্র পশ্চিমবঙ্গের মধ্যে চারিটি পুরস্কার মোট ৫০০ টাকা; জ। সর্ব্বাপেক্ষা মিহি সূতার সর্ব্বোৎকৃষ্ট শাড়ি কাপড়ের জন্য বিভিন্ন জেলায় মোট পুরস্কার ১,৮৫০ টাকা, জেলা পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের শীর্ষস্থানীয় চারিজনের জন্য অতিরিক্ত পুরস্কার মোট ৬৫০ টাকা; ঝ। সর্ব্বাপেক্ষা মিহি সূতার সর্ব্বোৎকৃষ্ট ধুতি কাপড়ের জন্য বিভিন্ন জেলায় দেয় মোট পুরস্কার ১,১২৫ টাকা; জেলা পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের শীর্ষস্থানীয় তিনজনের অতিরিক্ত পুরস্কার মোট ৩৭৫ টাকা; ঞ। ধুতি ও শাড়ি ব্যতীত তাঁতে বোনা আধুনিক ডিজাইন ও রুচিসম্মত নানাপ্রকার নিত্যপ্রয়োজনীয় কাপড়ের জন্য বিভিন্ন জেলায় দেয় মোট পুরস্কার ২,৫৫৫ টাকা; জেলা পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগীদের মধ্যে শীর্ষস্থানীয় চারিজনের জন্য অতিরিক্ত পুরস্কার মোট ৪৪৫ টাকা; প্রতিযোগিতায় যোগদানেচ্ছু শিল্পিগণ তাঁহাদের দ্রব্যাদি ১৯৬১ সালের ১১ই নভেম্বর তারিখের পূর্ব্বে স্ব স্ব জেলায় সমবায় সমিতিসমূহের সহকারী নিয়ামক ( অ্যাসিষ্টান্ট রেজিষ্ট্রার ) মহাশয়ের অফিসে দাখিল করিবেন। কেবলমাত্র উপরে লিখিত (চ) এবং (ছ) কাগজে আঁকা নক্সা প্রতিযোগিতার জন্য শিল্পিগণ স্ব স্ব দ্রব্যাদি সরাসরি যুগ্ম শিল্প-অধিকর্তা ( হস্ততাঁত ), পশ্চিমবঙ্গ-সরকার, নূতন সেক্রেটারিয়েট ভবন ( ষষ্ঠতলা ), ১ হেষ্টিংস ষ্ট্রীট, কলিকাতা-১—এই ঠিকানায় ১২ই ডিসেম্বর, ১৯৬১ সালের মধ্যে পাঠাইবেন। পশ্চিমবঙ্গ শিল্প-অধিকার কর্ত্তৃক মনোনীত বিচারকগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। একজন প্রতিযোগী একাধিক বিষয়ে প্রতিযোগিতা করিতে পারিবেন, কিন্তু এই নমুনা একাধিক বিষয়ে প্রতিযোগিতায় গ্রহণযোগ্য হইবে না। পুরস্কারপ্রাপ্ত দ্রব্যাদি ফেরত দেওয়া হইবে না। অবশ্য যাঁহারা পুরস্কার পাইবার যোগ্য বিবেচিত না হইবেন তাঁহাদের জিনিসগুলি ফেরত দেওয়া হইবে। বিচারকগণের সিদ্ধান্ত অনুযায়ী পুরস্কৃত জিনিসগুলির যে মূল্য নির্দ্ধারিত হইবে তাহা স্বতন্ত্রভাবে দেওয়া হইবে। কেবলমাত্র কাগজে আঁকা নক্সার জন্য কোনও মূল্য দেওয়া হইবে না। যে সকল দ্রব্য গজ হিসাবে দেওয়া সম্ভব, তাহা এক গজ দিলেই চলিবে এবং পুরস্কৃত হইলে এক গজ কাপড়েরই মূল্য দেওয়া হইবে।—পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক প্রচারিত

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই নভেম্বর ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

৩৩ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৮৯ টাকা ৬৯ নঃ পঃ থানা স্থতি মৌজে হিলোড়া ২-৪৩ শতক জমির ১/৩ অংশ নিলাম হইবে পরতা মত জমা ১০৲ আঃ ২৫৲ আদালত মূল্য ৭৫০৲ খং ১১৭৬

৫৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২ টাকা ৬৩ নঃ পঃ মৌজাদি ঐ ১-৪৭ শতক জমির কাত পরতামত ৪৲ আঃ ১০৲ আদালত মূল্য ৩৭৫৲ খং ১১৭৬

১১ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং দেবেন্দ্রবিজয় মজুমদার দাবি ৩৪ টাকা ৫২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৩-৭৭ শতকের কাত ১৯৲৭ আঃ ২৫৲ আদালত মূল্য ২৬৫৲ খং ৫৮৪, ৫৮৮

৮০ মনি ডিঃ অ্যাডমিনিষ্ট্রেটর ধুলিয়ান মিউনিসিপ্যালিটী দেং রণজিৎ সিংহ দাবি ৫২ টাকা ৭২ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১-২৪ শতক জমি আঃ ৪০৲ আদালত মূল্য ৩৭৫৲ রায়ত স্থিতিবান স্বত্ব

৮২ মনি ডিঃ নিবারণচন্দ্র দাস দেং নুহরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৫২২ টাকা ৮১ নঃ পঃ থানা স্থতি মৌজে ইচলিপাড়া ১-২৪ শতকের কাত ৮৷৶০ উক্ত ১-২৪ শতকের ২১ শতক তন্মধ্যে ১৮ শতক দক্ষিণ দিক মায় তদুপরিস্থিত বাস্তু গৃহাদি টিনের চালাসহ ও তদুপরিস্থিত বৃক্ষাদি ও কাটা আমগাছের ২টি ভিটাসহ হারাহারি জমা ১৵৬ আঃ ২০০৲ আদালত মূল্য ৪০০৲ ২নং লাট থানা ঐ মৌজে দিঘড়ী /৩৷৶০ ছটাক বা ৬ শতক জমির কাত ১০·৩৭ নঃ পঃ আড়ত ঘর তদুপরিস্থ টিনের গুদাম ঘর ২টি আঃ ১০০৲ আদালত মূল্য ২০০৲ খং ৩০৩৫ রায়ত স্থিতিবান স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২০শে নভেম্বর ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

৩৬ স্বত্ব ডিঃ হাকিমন্নেসা বিবি দেং গরিবুল্লা সেখ দাবি ১৯০ টাকা ৫১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ৩ শতকের কাত ২·০৭ নঃ পঃ আঃ ৪০৲ খং ১০৭৩ ২নং লাট মৌজাদি ঐ ৪ শতক জমি আঃ ৫০৲ খং ৫০৭

৯ মনি ডিঃ সাবিত্রীসুন্দরী দেবী দেং স্নেহলতা দেবী দাবি ২৫৫ টাকা ৮৭ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ১-৪৮ শতকের কাত ৩৵০ আঃ ৪৫০৲ খং ৩০৪





## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটি, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার
সর্ব্বদা সুলভ মূল্যে

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে

---

আমেরিকায় আবিষ্কৃত

# ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।